



সূত্র নং- ২৮.০৯.০০০০.০৩৫.১৬.০০১.২১/০২

তারিখ: ১৮ মার্চ, ২০২১

### বিজ্ঞপ্তি

বাপেক্সের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৪-০২-২০২১ তারিখে অনুষ্ঠিত বাপেক্স পরিচালনা পর্ষদের ৪৩৬ তম সভায় ‘বাপেক্স কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট প্রবিধানমালা-২০০৭’ এ বিদ্যমান দূরারোগ্য ব্যাধিসমূহের পাশাপাশি নিম্নবর্ণিত রোগসমূহকে অনুদান প্রদানযোগ্য দূরারোগ্য ব্যাধি হিসেবে অন্তর্ভুক্তিকরণসহ নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুমোদিত হয়েছে:

- ক) সরকার কর্তৃক ঘোষিত অতিমারী/মহামারী যেমন: কোভিড-১৯
  - খ) মস্তিষ্ক ও শ্বাসযন্ত্রের জটিল রোগ
  - গ) নাক-কান-গলা ও চোখের যাবতীয় দূরারোগ্য ব্যাধি
  - ঘ) রোগের কারণে অঙ্গহানী,
  - ঙ) ক্যান্সার ও ক্যান্সার ব্যতীত অন্যান্য জটিল রক্তরোগ
  - চ) আইসিইউ ও ভেন্টিলেশনে চিকিৎসাধীন যে কোন রোগ
- ২। কোভিড-১৯ ও অন্যান্য দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত কর্মকর্তা ও কর্মচারীদের চিকিৎসা সহায়তা হিসেবে প্রদেয় অর্থের পরিমাণ ২.০০ (দুই) লক্ষ টাকা হতে বৃদ্ধি করে ৪.০০ (চার) লক্ষ টাকা করা।
  - ৩। যে সকল কর্মকর্তা-কর্মচারীগণ কোভিড-১৯-এ আক্রান্ত হয়ে হোম আইসোলেশনে থেকে চিকিৎসা গ্রহণ করেছেন তাদেরকে প্রমাণক (পরীক্ষার রিপোর্ট, আইসোলেশনে থাকা এবং আইসোলেশন শেষে কাজে যোগদান) দাখিল সাপেক্ষে এককালীন ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা চিকিৎসা সহায়তা হিসেবে প্রদান করা।
  - ৪। চিকিৎসা সহায়তা হিসেবে প্রদেয় অর্থের পরিমাণ বৃদ্ধির জন্য কোম্পানির স্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের মাসিক চাঁদার পরিমাণ ১ জুলাই, ২০২০ হতে ৫০.০০ (পঞ্চাশ) টাকার পরিবর্তে ১০০.০০ (একশত) টাকায় নির্ধারণ।

কোম্পানির পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্তের আলোকে এখন হতে কর্মকর্তা-কর্মচারীগণ কল্যাণ ট্রাস্টের নির্ধারিত আবেদন ফরমে স্ব-স্ব বিভাগীয় প্রধানের মাধ্যমে কল্যাণ ট্রাস্ট পরিচালনা কমিটির সভাপতি/সদস্য-সচিব বরাবর আবেদন করতে পারবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১৮/০৩/২০২১  
(মোহাম্মদ আবুল বশির)  
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ :

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
- ০২। সকল বিভাগীয়/উপবিভাগীয়/প্রকল্প প্রধান..... বাপেক্স
- ০৩। বাপেক্স কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট পরিচালনা কমিটির সদস্য-সচিব/সদস্য..... বাপেক্স
- ০৪। সিআইসি/এফআইসি/পিসি..... বাপেক্স

অনুলিপি:

নোটিশ বোর্ড  
অফিস কপি

১৮/০৩/২১ ৪০৬